যুগান্তর

JAN. 05 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# চাঁপাইনবাবগঞ্জে বিনামূল্যে পাঠ্যপুস্তক সঠিক সময়ে বিতরণে অনিশ্চয়তা

**চাঁপাইনবাবগঞ্জ প্রতিনিধি**

২০০২ শিক্ষাবর্ষে চাঁপাইনবাবগঞ্জ জেলার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বিনামূল্যে নতুন পাঠ্যপুস্তক সঠিক সময়ে বিতরণ অনিশ্চিত হয়ে পড়েছে। ১ জানুয়ারি থেকে বিতরণের কর্মসূচি থাকলেও এখন পর্যন্ত মোট চাহিদার মাত্র ৩৪ ভাগ বই জেলায় সরবরাহ করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, জেলার ৫টি উপজেলার ৭০৮টি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য ৬ লাখ ৭২ হাজার ৯৪৬টি পাঠ্যবইয়ের চাহিদাপত্র পাঠানো হয়। অধিদফতর জেলার জন্য ৬ লাখ ৭১ হাজার ৯৮৭টি নতুন বইয়ের জন্য দেশের ১৮টি প্রিন্টিং প্রেসকে পুস্তক মুদ্রণ করে সরবরাহের দায়িত্ব দেয়। পাঠ্যবইগুলো হচ্ছে ১ম শ্রেণীর বাংলা ৪৮ হাজার, গণিত ৪৪ হাজার, ইংরেজি ৪৪ হাজার, ২য় শ্রেণীর বাংলা ৪০ হাজার, গণিত ৪০ হাজার, ইংরেজি ৪০ হাজার, ৩য় শ্রেণীর বাংলা ৩৬ হাজার, গণিত ১৮ হাজার, ইংরেজি ১৮ হাজার, সমাজ ৩৬ হাজার, বিজ্ঞান ১৮ হাজার, ইসলাম ধর্ম ১৮ হাজার, হিন্দু ধর্ম ১ হাজার ৭৪৫, চতুর্থ শ্রেণীর বাংলা ৩৬ হাজার, গণিত ১৭ হাজার, ইংরেজি ১৭ হাজার, সমাজ ৩৬ হাজার, বিজ্ঞান ১৭ হাজার, ইসলাম ধর্ম ১৭ হাজার, হিন্দু ধর্ম ১ হাজার ৮০০, ৫ম শ্রেণীর বাংলা ৩ হাজার, গণিত ১৬ হাজার, ইংরেজি ১৬ হাজার, সমাজ ৩৩ হাজার, বিজ্ঞান ১৬ হাজার, ইসলাম ধর্ম ১৬ হাজার ও হিন্দু ধর্ম ২ হাজার ৪৪২।

এ সংবাদ লেখা পর্যন্ত ১ম শ্রেণীর ইংরেজি ৪৪ হাজার, ২য় শ্রেণীর গণিত ৩৮ হাজার ৬০০, ৩য় শ্রেণীর বাংলা ১৬ হাজার ৮০০, সমাজ ৭ হাজার, বিজ্ঞান ১৬ হাজার ৮০০, ইসলাম ধর্ম ১৬ হাজার, ৪র্থ শ্রেণীর ১৭ হাজার ৬০০, বিজ্ঞান ১৭ হাজার ৬০০, ইসলাম ধর্ম ১৮ হাজার ৭৬৪, ৫ম শ্রেণীর বিজ্ঞান ১৬ হাজার ৩০০ এবং ইসলাম ধর্ম ১৬ হাজার ১৫০টি বই জেলায় সরবরাহ করা হয়েছে। এর মধ্যে শিবগঞ্জ উপজেলায় ৫৬ হাজার বই পাঠানো হয়েছে। কিন্তু সদর উপজেলা, গোমস্তাপুর, নাচোল ও ভোলাহাট উপজেলায় এখন পর্যন্ত কোন বই সরবরাহ করা হয়নি।